

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
 প্রবাসী কল্যাণ ভবন  
 ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
 কর্মসংস্থান শাখা-২

নং-৪৯.০০.০০০০.১০২.১১.০৮০.১৪. ১৮৭

তারিখ : ১০/০৬/২০১৭ খ্রিঃ।

**বিষয় :** রিক্রুটিং এজেন্সি আইডিয়াল বিজনেস সেন্টার (আর.এল-২১৮) এর অনুকূলে সৌন্দি আরবের নিয়োগকর্তা General Arabian Medical & Allied Services Limited- এর অধীনে Female Hospital Cleaner পদে ১৯ (উনিশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি আইডিয়াল বিজনেস সেন্টার (আরএল-২১৮)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে সৌন্দি আরবের নিয়োগকর্তা General Arabian Medical & Allied Services Limited- এর অধীনে Female Hospital Cleaner পদে ১৯ (উনিশ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নের্বর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
General Arabian Medical & Allied Services Limited	Female Hospital Cleaner	১৯ (উনিশ) জন	৮০০ সৌন্দি রিয়াল	বাসস্থান, যাতায়াত, আহার এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ-০৩ বছর কর্মঘণ্টা-০৮ ঘণ্টা; বিমান ভাড়া-উভয় পথ ফ্রি ; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌন্দি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

#### শর্তাবলী

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌন্দি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- (খ) প্রত্যেক এক্ষেপে বাংলাদেশের কর্মীরা সৌন্দি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- (গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্রমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষ্ঠতি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনোক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (চ) চুক্তিপত্রের কোন শর্ত লজ্জন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনিশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারণামা দাখিল করতে হবে।
- (ছ) চাকরির শর্তাবলী সৌন্দি আরবের শ্রম আইনের বিধানের সাথে সংপত্তিপূর্ণ হতে হবে।
- (জ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (ঝ) সৌন্দি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- (ঝঃ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- (ট) দক্ষতা ভিত্তিক ট্রেডে কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

১৮৭  
 (মোঃ সামছুল ইসলাম)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন-৫৫১৩৮৬৬৩

ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.১০২.১১.০৮০.১৪.

তারিখ :

/০৬/২০১৭ খ্রি।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/কনসুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৭. স্বত্ত্বাধিকারী, মেসাস আইডিয়েল বিজনেস সেন্টার, ৩৭, নয়াপন্টন, ডি.আই.টি এক্সটেনশন রোড, ফকিরাপুর, ঢাকা-১০০০।
৮. অফিস কপি।

  
(মোঃ সামিউল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব